তারিখ: 26/03/2014

## মুদ্রাস্ফীতি-সূচকযুক্ত জাতীয় সঞ্চয় ঋণপত্র [আইআইএনএসএস-সি]

আরবিআই/2013-14/534
ডিজিবিএ.সিডিডি.নং.5449/13.01.999/2013-2014

মার্চ 26, 2014

সভাপতি এবং পরিচালন অধিকর্তা
প্রধান কার্যালয় (সরকারি হিসাব বিভাগ)
ভারতীয় স্টেট ব্যাঙ্ক এবং সহযোগী ব্যাঙ্কসমূহ
সমস্ত রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, এইচডিএফসি ব্যাঙ্ক লিমিটেড এবং
স্টকহোল্ডিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড(এসএইচসিআইএল)

প্রিয় মহাশয় / মহাশয়া,

**মুদ্রাস্ফীতি-সূচকযুক্ত জাতীয় সঞ্চয় ঋণপত্র(ইনফ্লেশন ইনডেক্সড ন্যাশনাল সেভিংস সিকিউরিটিজ)[আইআইএনএসএস-সি]**

অনুগ্রহ করে উপরোক্ত বিষয়ে আমাদের ডিসেম্বর 19, 2013 তারিখের সার্কুলার ডিজিবিএ.সিডিডি.নং3688/13.01.999/2013-2014 এবং ডিসেম্বর 30, 2013 তারিখের সার্কুলার ডিজিবিএ.সিডিডি.নং3798/13.01.999/2013-2014 দেখবেন।

2. ভারত সরকার তাদের মার্চ 25, 2014 তারিখের বিজ্ঞপ্তি দ্বারা বিজ্ঞাপিত করেছেন যে 'মুদ্রাস্ফীতি-সূচকযুক্ত জাতীয় সঞ্চয় ঋণপত্র – ক্রমপুঞ্জিত'(ইনফ্লেশন ইনডেক্সড ন্যাশনাল সেভিংস সিকিউরিটিজ – কিউমুলেটিভ)-এ বিনিয়োগের সর্বাধিক সীমা উপযুক্ত ব্যক্তিবিশেষ বিনিয়োগকারীদের ক্ষেত্রে বাড়িয়ে বছরে ১০ লক্ষ টাকা এবং হিন্দু অবিভক্ত পরিবার(এইচইউএফ), দাতব্য অছি, শিক্ষামূলক নিধি ধরনের প্রতিষ্ঠান এবং অ-লাভজনক প্রতিষ্ঠানগুলির জন্য ২৫ লক্ষ করা হয়েছে। বিনিয়োগ গ্রহণ মার্চ 31, 2014 তারিখে বন্ধ হবে। ডিসেম্বর 19, 2013 তারিখের বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

3. অবিলম্বে আপনার সমস্ত শাখাকে এ বিষয়ে অবহিত করুন।

আপনার বিশ্বস্ত,

ধর্মেন্দ্র বাগাদা
(প্রবন্ধক)

**ভারত সরকার**
**অর্থমন্ত্রক**
**অর্থনীতি বিষয়ক বিভাগ**
**(বাজেট বিভাগ)**

নতুন দিল্লি, তারিখ মার্চ 25, 2014

**বিজ্ঞপ্তি**

**‘মুদ্রাস্ফীতি-সূচকযুক্ত জাতীয় সঞ্চয় ঋণপত্র – ক্রমপুঞ্জিত - 2013(ইনফ্লেশন ইনডেক্সড ন্যাশানল সেভিংস সিকিউরিটিজ – কিউমুলেটিভ_– 2013)**

নং.এফ4(16)-ডব্লুএ্যান্ডএম/ 2012: ভারত সরকার এতদ্দ্বারা বিজ্ঞাপিত করছে যে ‘মুদ্রাস্ফীতি-সূচকযুক্ত জাতীয় সঞ্চয় ঋণপত্র – ক্রমপুঞ্জিত’(ইনফ্লেশন ইনডেক্সড ন্যাশানল সেভিংস সিকিউরিটিজ – কিউমুলেটিভ)-এ বিনিয়োগের সর্বাধিক সীমা উপযুক্ত ব্যক্তিবিশেষ বিনিয়োগকারীদের ক্ষেত্রে বাড়িয়ে বছরে ১০ লক্ষ টাকা এবং হিন্দু অবিভক্ত পরিবার(এইচইউএফ), দাতব্য অছি, শিক্ষামূলক নিধি ধরনের প্রতিষ্ঠান এবং অ-লাভজনক প্রতিষ্ঠানগুলির জন্য ২৫ লক্ষ করা হয়েছে। বিনিয়োগ গ্রহণ মার্চ 31, 2014 তারিখে বন্ধ হবে। ডিসেম্বর 19, 2013 তারিখের বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে।

ভারতের রাষ্ট্রপতির আদেশ বলে

(ডঃ রজত ভার্গব)
যুক্ত সচিব, ভারত সরকার